গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌপরিবহন অধিদপ্তর

# অভ্যন্তরীণ নাবিকদের ডাটাবেজ এবং সার্ভিস বুক সিস্টেম

# (ইনল্যান্ড নাবিক ডাটাবেজ, সার্ভিস বুক, প্রশিক্ষণ ও সনদায়ন ম্যানেজমেন্ট সিস্টেম)

**ব্যবহার নির্দেশিকা ( সহায়িকা )- ক্রম ৯**

সনদ নবায়নের আবেদন

**প্রস্তুতকারক :**


Dream71 বাংলাদেশ লি.

বাড়ি নং 16 (লেভেল 5) ব্লক এ, বসুন্ধরা আর/এ, ঢাকা 1229



ভার্সন ১ (০৮/২০২৪)


একজন আবেদনকারীর যেকোনো সনদের মেয়াদ শেষ হয়ে গেলে পুনরায় মেয়াদ বাড়ানোর জন্যে"রিভ্যালিডেশন আবেদনের" মাধ্যমে মেয়াদ বাড়াতে পারবে। আবেদনের জন্য প্রথমে আবেদনকারী [http://inlandcrew.dos.gov.bd/login](http://inlandcrew.dos.gov.bd/login) ওয়েবসাইটে লগইন করবে।




আবেদনকারী নতুন হলে প্রোফাইল আপডেট করে সার্ভিস বুকের জন্য আবেদন করবে। সার্ভিস বুক ইস্যু হওয়ার পর আবেদনকারী বাম পাশের মেন্যু থেকে আবেদনসমূহ সেকশনে যাবে। আবেদনকারী পুরনো হলে বা আগেই প্রোফাইল আপডেট করে সার্ভিস বুক পেয়ে থাকলে সরাসরি বাম পাশের মেন্যু থেকে আবেদনসমূহ সেকশনে যাবে। এরপর রিভ্যালিডেশনের জন্য আবেদন অপশনে যাবে।





এরপর আবেদনকারী সনদের ধরন সিলেক্ট করবে। একটি ড্রপডাউন সিলেক্ট করলে একটি সনদের ধরণ তালিকা ওপেন হবে। আবেদনকারী ইঞ্জিন বিভাগের হলে ১ম শ্রেণী বা ২য় শ্রেণী বা ৩য় শ্রেণী ড্রাইভার অথবা গ্রিজার অথবা ট্যাঙ্কার জাহাজের পাম্পম্যান অথবা স্পীড বোট অপারেটর অথবা বয়লার অপারেটর অথবা ইনল্যান্ড মেরিন ইঞ্জিনিয়ার - যেটি আবেদন করতে হবে সেই আবেদনটি সিলেক্ট করবে।




একইভাবে যদি আবেদনকারীর বিভাগ ডেক হয়, সেক্ষেত্রে এই ড্রপডাউন থেকে ১ম শ্রেণী বা ২য় শ্রেণী বা ৩য় শ্রেণী মাস্টার অথবা সুকানী অথবা ককসেন সার্টিফিকেট অথবা কর্ণফুলী


এন্ডোর্সমেন্ট অথবা পশুর এন্ডোর্সমেন্ট - যেটি আবেদন করতে হবে সেই আবেদনটি সিলেক্ট করবে।

আবেদন সিলেক্ট করার পর সেই আবেদনের প্রয়োজনীয় নথির নাম বাম পাশে দেখাবে। প্রত্যেক নথির নামের পাশে সেই নথি বা সনদের নম্বর, ইস্যুর তারিখ, মেয়াদ শেষের তারিখ, সেই সনদটির ডিজিটাল কপি সিলেক্ট করে আপলোড করবেন। সব নথি বা সনদ আপলোড করা হলে পরবর্তী বাটনে ক্লিক করবেন।





4


পরবর্তী আবেদনে ক্লিক করার পর তা ব্যক্তিগত তথ্য দেখাবে। সকল তথ্য ঠিক থাকলে নিচের টিক বক্সে টিক দিয়ে সম্পন্ন করুন বাটনে ক্লিক করবেন।




এখন একটি আবেদন সফলভাবে সম্পন্ন করা হল। কোন আবেদন কি অবস্থায় রয়েছে, তা আবেদনকারী আবেদনটির স্ট্যাটাস দেখে জানতে পারবে। এখন আবেদনের স্ট্যাটাস চলমান।





এখন আবেদনকারী পেমেন্ট করবে। পেমেন্টের জন্য প্রথমে আবেদনকারী আবেদনের সর্বোডানে বিস্তারিত বাটনে ক্লিক করবে।





বিস্তারিত পেজে গেলে আবেদনকারী তার জমা দেওয়া ডকুমেন্ট গুলো এবং তার ভয়েজ রেকর্ড দেখতে পারবে।


পেমেন্ট করতে হলে উপরের ডান পাশে পেমেন্ট করুন বাটনে ক্লিক করতে হবে। এই বাটনে ক্লিক করলে সোনালি ব্যাংকের গেটওয়েতে চলে যাবে এবং নির্ধারিত ফি পরিশোধ করতে হবে।





ট্রানজেকশনটি সফল হলে আবেদনকারী আবার ড্যাশবোর্ডে ফেরত আসবে। এখানে আবেদনটির পেমেন্ট স্ট্যাটাস পেইড দেখাবে এবং আবেদনটির স্ট্যাটাস হবে অপারেটর ডেস্ক। এর মাধ্যমে আবেদনকারী বুঝবে যে আবেদনটি এখন অপারেটর ডেস্কে রয়েছে। ।




আবেদনকারী আবেদন করার পর আবেদনটির প্রথমে এপ্লিকেশন এসেসমেন্ট অপারেটর এর কাছে যাবে। কোন কারণে যদি অপারেটর আবেদনকারীর কাছে ফেরত পাঠায়, তাহলে স্ট্যাটাসটি হবে "আবেদনকারীর নিকট ফেরত পাঠানো হয়েছে"। আবেদনের ভিউ অপশনে (চোখের আইকন) গেলে আবেদনকারী কমেন্ট বক্স থেকে দেখতে পারবে কি কারণে অপারেটর ফেরত পাঠিয়েছে। এই কমেন্টবক্স থেকেই আবেদনকারী বিভিন্ন পর্যায়ে যারা আবেদনটি দেখছে, তাদের কমেন্ট দেখতে পারবে।




নথি ঠিক না থাকলে পুনরায় ড্যাশবোর্ডে গিয়ে ভিউ বাটনের পাশে এডিট বাটন প্রেস করে তারপর প্রয়োজনীয় নথি সংশোধন করে আপলোড করতে হবে। সাবমিট করতে হলে একইভাবে ড্যাশবোর্ডে এসে ভিউ বাটনে ক্লিক করে মন্তব্য লিখে "প্রেরণ করুন" বাটনে ক্লিক করতে হবে।




একজন অপারেটর আবেদনটি দেখে সবকিছু ঠিক থাকলে অনুমোদকের নিকট পাঠিয়ে দিবে এবং অনুমোদক অনুমোদিত করলেই আবেদনটি চূড়ান্তভাবে অনুমোদিত হবে, স্ট্যাটাস হবে "অনুমোদিত"।

আবেদনসমূহ

| আবেদনের ধরণ | সনদের ধরন | বিভাগ | আবেদন অবস্থা | পেমেন্ট অবস্থা | প্রবেশপত্র ডাউনলোড | পরীক্ষারসূচি | সার্টিফিকেট ডাউনলোড করুন | বিস্তারিত |
|---|---|---|---|---|---|---|---|---|
| রি-ভ্যালিডেশনের জন্য আবেদন | ১ম শ্রেণীর ড্রাইভার | ইঞ্জিন | অনুমোদিত | Paid | অপেক্ষমাণ | Not Applicable | | |

অনুমোদক অনুমোদন করার পর আবেদনকারী সরাসরি যেকোনো দিন কেন্দ্রে চক্ষু পরীক্ষার জন্য চলে যাবেন।

আবেদনকারীকে চক্ষু পরীক্ষায় পাশ করতে হবে। আবেদনকারী তার পরীক্ষার ফলাফল ড্যাশবোর্ডের সকল আবেদনের ফলাফলের নিচে দেখতে পারবে। চক্ষু পরীক্ষায় পাশ করলে সে আবেদনটির জন্য সনদ অনুমোদনের প্রসেস শুরু হবে। এই প্রসেসে প্রধান পরীক্ষক, প্রিন্টিং অপারেটর ও মহাপরিচালকের যুক্ত থাকেন। তাদের সবার মতামত আবেদনকারী কমেন্ট বক্স থেকে দেখতে পারবে। সনদ প্রিন্ট না হওয়া পর্যন্ত আবেদনটির স্ট্যাটাস থাকবে "সনদের জন্য অপেক্ষমান"।

সকল আবেদনের ফলাফল

| আবেদন আইডি | আবেদনের তারিখ | আবেদনের ধরন | সনদের ধরন | বিভাগ | চক্ষু পরীক্ষা | মৌখিক | লিখিত | অ্যাকশান |
|---|---|---|---|---|---|---|---|---|
| 35 | ১৩ আগস্ট, ২০২৪ | রি-ভ্যালিডেশনের জন্য আবেদন | ১ম শ্রেণীর ড্রাইভার | ইঞ্জিন | পাস | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় | |

মন্তব্য

pass

Chief Inland Examiner
pass

Printing Operator
ok

Chief Inland Examiner
ok

dg
ok

আবেদনকারী যদি চক্ষু পরীক্ষায় ফেল করে বা অনুপস্থিত থাকে, তাহলে তাকে রি-সিট করতে হয়। এজন্য কোনো পরীক্ষায় ফেল করলে সেই আবেদনটি বন্ধ হয়ে যায় এবং পরীক্ষার ফলাফলের পাশে রি-সিট বাটন উন্মুক্ত হয়। আবেদনকারী এই রি-সিট বাটন ক্লিক করে নতুন আবেদন করবে।

**আবেদনসমূহ**

| আবেদনের ধরণ | সনদের ধরন | বিভাগ | আবেদন অবস্থা | পেমেন্ট অবস্থা | প্রবেশপত্র ডাউনলোড | পরীক্ষারসূচি | সার্টিফিকেট ডাউনলোড করুন | বিস্তারিত |
|---|---|---|---|---|---|---|---|---|
| রি-ভ্যালিডেশনের জন্য আবেদন | ১ম শ্রেণীর ড্রাইভার | ইঞ্জিন | বন্ধ | Paid | অপেক্ষমাণ | | | |

**সকল আবেদনের ফলাফল**

| আবেদন আইডি | আবেদনের তারিখ | আবেদনের ধরন | সনদের ধরন | বিভাগ | চক্ষু পরীক্ষা | মৌখিক | লিখিত | অ্যাকশান |
|---|---|---|---|---|---|---|---|---|
| 34 | ১৩ আগস্ট, ২০২৪ | রি-ভ্যালিডেশনের জন্য আবেদন | ১ম শ্রেণীর ড্রাইভার | ইঞ্জিন | ফেল | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় | রি-সিট |

রি-সিট করার পর পেমেন্ট করতে হবে যা পূর্বেই দেখানো হয়েছে। পেমেন্টের পর আবেদনকারী সরাসরি পরীক্ষা কেন্দ্রে চলে যাবে। এরপর গতানুগতিকভাবে প্রসেস চলবে।

সনদ অনুমোদিত হলে প্রিন্টকৃত সনদ দেখতে হবে নিম্নরূপঃ

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ চলাচল অধ্যাদেশ ১৯৭৬ এর ৩৬ ধারা মোতাবেক জারিকৃত

**যোগ্যতা সনদ**

**( ১ম শ্রেণীর ড্রাইভার )**

সনদ নম্বর : CXXXXXXX

সনদধারীর নাম : আসফাক হাসান পিয়াস

মাতার নাম : আবেদনকারীর মাতার নাম

সনাক্তকারী চিহ্ন : প্রযোজ্য নয়

জন্ম তারিখ : ১ জানুয়ারি, ১৯০০ জাতীয়তা : বাংলাদেশী রক্তের গ্রুপ : এ+

আই সি এন নম্বর : 2024XXXXXXXX001

সনদ জারির তারিখ: ১৩ আগস্ট, ২০২৪ সনদের মেয়াদ : ১৩ আগস্ট, ২০৩৪

সনদ জারির স্থান: নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা, বাংলাদেশ

**সনদধারীর স্বাক্ষর**

**মহাপরিচালক**
**নৌপরিবহন অধিদপ্তর**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এই মর্মে প্রত্যয়ন করিতেছি যে , সনদধারী বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-অধ্যাদেশের ১৯৭৬ অধ্যাদেশের ৩৬ ধারা মোতাবেক যোগ্য এবং নিম্নলিখিত কর্যক্রম ও সীমাবদ্ধতা শর্তসাপেক্ষে দায়িত্ব স্পম্পাদনে সনদের মেয়াদ পর্যন্ত সক্ষম।

| কার্যক্রম | সীমাবদ্ধতা (যদি থাকে) |
|---|---|
| ১ম শ্রেণীর ড্রাইভার | ১০০ কিলোওয়াট |

(সনদটি যাচাই করতে কোডটি স্ক্যান করুন)

দ্রষ্টব্য : সনদধারী ব্যতীত এই সনদ অন্য কারো হস্তক্ষেপ হলে মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, এফ -১২/সি -১ আগারগাঁও শেরেবাংলা নগর, ঢাকা - ১২০৭, বাংলাদেশ বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। ডাক খরচ প্রাপক কর্তৃক বহন করা হইবে।